**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়

# প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২১-০১-২০১৬ খ্রিঃ

অদ্য ২১-০১-২০১৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ০১.০০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে চলমান Skills and Training Enhancement Project (STEP)-প্রকল্পে অতিরিক্ত অর্থায়নের জন্য একটি ১০০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে **অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা'র এ্যাক্টিং কান্ট্রি ডাইরেক্টর Mr. Martin Rama** ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংক-এর উর্ধ্বতন কর্মকর্তারা উক্ত স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রকল্পটি বাস্তবায়নের মূল দায়িত্বে  কারিগরি শিক্ষা অধিদপ্তর (ডিটিই) থাকলেও জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমটি) এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) এর মাধ্যমে প্রকল্পের কতিপয় অংঙ্গ (component) বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির মেয়াদকাল জুলাই ২০১০ থেকে জুন ২০১৬ পর্যন্ত। প্রকল্পের অতিরিক্ত অর্থায়নের বাস্তবায়নকাল জুন ২০১৯ পর্যন্ত।

প্রকল্পটির মূল উদ্দেশ্য হল কারিগরি প্রশিক্ষণ  প্রতিষ্ঠানসমূহ শক্তিশালী করার মাধ্যমে প্রশিক্ষণের মানোন্নয়ন করা, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদানকৃত ডিপ্লোমা ও স্বল্প-মেয়াদী প্রশিক্ষণসমূহ কর্মবাজারের নিয়োগ উপযোগী করা এবং কারিগরি ও ভোকেশনাল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে সম-সাময়িক স্থানীয় ও আন্তর্জাতিক শ্রম-বাজারের উপযোগী দক্ষ জনশক্তি গঠনে অধিক কার্যকর ভূমিকা পালনে সক্ষম করা। এছাড়া প্রকল্পের আওতায় প্রাতিষ্ঠানিক পর্যায়ে শ্রম বাজার উপযোগি আধুনিক সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ  সংস্কারের মূল লক্ষ্য হল কারিগরি প্রতিষ্ঠানসমূহকে সরবরাহ-নির্ভরের পরিবর্তে চাহিদা-নির্ভর প্রতিষ্ঠানে রুপান্তর করা। যাতে করে এসব প্রতিষ্ঠানসমূহ উন্নত operating rules-এর আওতায় অধিকতর স্বাধীনভাবে কাজ করতে পারে।
প্রকল্পে মূলতঃ তিনটি কম্পোনেন্ট রয়েছেঃ

(ক)ডিপ্লোমা ও স্বল্প-মেয়াদী প্রশিক্ষণ কর্মসূচির সংশ্লিষ্টতা এবং গুণগত মান উন্নয়ন
(খ) **ডিটিই, বিটিইবি** ও **বিএমইটি** প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধি এবং
(গ) কারিগরি ও ভোকেশনাল শিক্ষা/প্রশিক্ষণ সেক্টরের পরিবীক্ষণ এবং মূল্যায়ন খাত শক্তিশালী করা।

অতিরিক্ত অর্থায়ন প্রকল্পটির চলমান component সমূহ বাস্তবায়নের মাধ্যমে মূল উদ্দেশ্যগুলো পূরণ করাসহ আরও অধিক সংখ্যক সরকারি এবং বেসরকারি কারিগরি ও ভোকেশনাল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহের মান উন্নয়নে ভূমিকা রাখবে।

এ কর্মসূচি বাস্তবায়নের জন্য বিশ্বব্যাংক অত্যন্ত নমনীয় শর্তে অর্থায়ন প্রদান করছে, যা ০৬ (ছয়) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৮ বছরে পরিশোধযোগ্য। এক্ষেত্রে উত্তোলিত অর্থের উপর বার্ষিক ০.৭৫ (দশমিক সাত পাঁচ শতাংশ) হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে।


21/01/2016
**রাব্বী মিয়া**
উপ সচিব
বিশ্বব্যাংক-৪ অধিশাখা
ফোনঃ ৯১৮০৬৮৮
ই-মেইলঃ rabbi1425@gmail.com